শেখ হাসিনার উদ্যোগ

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।
ফ্যাক্স নং-০৮৫১-৫৭৫৫০
ফোন নং- ০৮৫১-৫৭৫০০
ই মেইল নং- bbariapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২৩ ১২৪৪

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এ " দৈনিক মজুরী ভিত্তিতে" নিম্নোক্ত শর্তানুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "নিরাপত্তা প্রহরী" ও "মালী" পদে নিয়োগের লক্ষ্যে প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী এবং ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকার স্থানীয় বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	প্রার্থীর যোগ্যতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০১।	নিরাপত্তা প্রহরী " দৈনিক মজুরী ভিত্তিতে"	০৪ টি (পদ সংখ্যা কম বেশি হতে পারে)।	৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখে ন্যুনতম ১৮ (আঠারো) বছর এবং শারীরিকভাবে সক্ষম সর্বোচ্চ ৬৫ বছর	(ক) প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে।	ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া সদর, নবীনগর, আখাউড়া, কসবা, নাসিরনগর, বিজয়নগর, সরাইল, আশুগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা) শুধুমাত্র পরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২।	মালী " দৈনিক মজুরী ভিত্তিতে"	০২ টি (পদ সংখ্যা কম বেশি হতে পারে)।		ক) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বাধ্যতামূলক নয়, তবে অক্ষর জ্ঞান সম্পন্ন অভিজ্ঞ প্রর্থীকে প্রাধান্য দেয়া হবে। খ) প্রার্থীকে অবশ্যই সৎ ও বিশ্বস্ত হতে হবে। গ) অবশ্যই ভাল শারীরিক গঠন এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। ঘ) বাগান তৈরীর কাজে পারদর্শী হতে হবে।	

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে চাহিত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি, (১ নং পদের জন্য প্রযোজ্য) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদ, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে ।

০২। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ,বয়স,স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৩। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবীও গ্রহনযোগ্য হবে না। যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি প্রদান করা হবে।

০৪। নিরাপত্তা কাজে অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। মালীগণকে প্রতিদিন সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত দায়িত্ব পালন করতে হবে। কাজের স্বার্থে ছুটির দিনে দায়িত্ব পালন করতে হবে।

০৫। যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৪০০/- (চারশত) টাকা হারে মজুরী পাবেন; এক্ষেত্রে অন্য কোন ভাতা, বোনাস পাবেন না।

০৬। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা প্রহরী ও মালীগণের নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে।

০৭। কর্মে নিয়োজিত অবস্থায় কোন প্রকার অদক্ষতা ও অবহেলার কারণে অত্র প্রতিষ্ঠানের কোন ক্ষতি হলে সংশ্লিষ্ট কর্মচারীকে তার দায় বহন করতে হবে।

০৮। কাজের মান সন্তোষজনক না হলে অথবা কোন অভিযোগ উত্থাপিত হলে তার কাজের অনুমতি পত্র বাতিল পূর্বক তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। আবেদনপত্র আগামী ৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া বরাবর পৌছাতে হবে।

১০। শারীরিক সক্ষমতা যাচাই ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। বাছাইয়ের জন্য নির্ধারিত তারিখ ও সময় প্রার্থীকে অবহিত করা হবে।

১১। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষনিক ভাবে প্রার্থীর কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

১২। উত্তীর্ণ প্রার্থীকে কাজে যোগদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে।

১৩। কাজে যোগদানের সময় নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে পবিস কর্তৃক ফেরত প্রদান করা হবে। (১ নং পদের ক্ষেত্রে প্রযোজ্য)

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন, পবিবর্ধন, পরিমার্জন এবং বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪.৩.২৩

(মোঃ আখতার হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা ।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সদর/আখাউড়া/নবীনগর/কসবা/নাসিরনগর/বিজয়নগর/সরাইল/আশুগন্জ), ব্রাহ্মণবাড়িয়া
০৯। ডিজিএম (কসবা/নবীনগর/আখাউড়া/নাসিরনগর/কসবা সদর) জোনাল অফিস/(সদর কারিগরী), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১০। এজিএম (অর্থ-রাজস্ব/হিসাব)/ওএন্ডএম (বিজয়নগর/সুলতানপুর/শিবপুর/শ্যামগ্রাম সাব জোনাল অফিস), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১১। এজিএম (আইটি), ব্রাহ্মণবাড়িয়া পবিস, পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১৩। অফিস কপি/মাস্টার ফাইল/ওয়েবসাইট কপি।

১৪/০৩/২৩

(শারমিন চৌধুরী সুষমা)
এজিএম (মানব সম্পদ)